

প্রধানমন্ত্রী কৃষি সেচ যোজনা (PMKSY)

Per Drop More Crop (PDMC) বা প্রতিটি বিন্দুতে আরও শস্য প্রকল্প

কৃষি ও কৃষক কল্যাণ বিভাগ (DA&FW, GOI) ২০১৫-১৬ সাল থেকে Per Drop More Crop (PDMC) বা প্রতিটি বিন্দুতে আরও শস্য নামে একটি প্রকল্প বাস্তবায়ন করছে। এই প্রকল্পের প্রধান লক্ষ্য হলো ক্ষুদ্র সেচব্যবস্থা (ড্রিপ ও স্প্রিংকলার সেচ) ব্যবহারের মাধ্যমে মাঠস্তরে জলের ব্যবহার দক্ষতা বৃদ্ধি করা। ২০২২-২৩ সাল থেকে PDMC প্রকল্পটি রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা (RKVY)-র অধীনে বাস্তবায়িত।

A. কোন কোন কৃষক PMKSY প্রকল্পে আবেদন করতে পারবে?

1. যাদের আপডেটেড পর্চা বা রেকর্ডে কৃষকের নাম নথিভুক্ত হয়ে আছে তারা আবেদন করতে পারবে।
2. জমির রেকর্ডে বর্গা /ডোবা /খাল /পুকুর /বাস্তু ফরেস্ট ল্যান্ড - ইত্যাদি থাকলে এই প্রকল্পের সুযোগ কৃষক নিতে পারবে না। এছাড়া অন্যান্য যেকোনো জমির প্রকার যেমন শালী জমি /রায়তি /বাগান জমি ইত্যাদি থাকলে এই প্রকল্পে কৃষকরা সুযোগ পাবে।
3. যে ব্লকে কৃষকের চাষযোগ্য জমি থাকবে সেই ব্লকে কৃষকের (ADDRESS PROOF) ঠিকানা আধার কার্ড অথবা ভোটার কার্ডে থাকতে হবে।

B. এই প্রকল্পে আবেদন করার জন্য কৃষকদের নিম্নলিখিত তথ্য গুলি দিতে হবে

1. কৃষকদের আপডেটেড পর্চা বা রেকর্ড।
2. কৃষকদের আধার কার্ডের জেরক্স।
3. কৃষকদের ভোটার কার্ডের জেরক্স।
4. কৃষকদের নিজের একটি চালু ব্যাংক একাউন্ট পাসবুকের ফার্স্ট পেজ জেরক্স।
5. দু কপি রঙিন পাসপোর্ট সাইজ ফটো।
6. কৃষকের একটি চালু ফোন নাম্বার থাকতে হবে।
7. সমস্ত জেরক্স পাতায় কৃষকের নিজস্ব স্বাক্ষর করতে হবে।

বিদ্যা মূল্যে আবেদন করার জন্য ভি. ই. সি. ট্রাস্ট অফিসে যোগাযোগ করুন।